

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪৪

১/ বিবিধ

আরবী

حجوا قبل أن لا تحجوا، فكأنني أنظر إلى حبشي أصم، أفدع، بيده معول يهدمها  
حجرا حجرا  
موضوع

أخرجه الحاكم (1 / 148) وأبو نعيم (4 / 131) والبيهقي (4 / 340) عن يحيى بن عبد  
الحميد الحماني: حدثنا حصين بن عمر الأحمسي: حدثنا الأعمش عن إبراهيم التيمي  
عن الحارث بن سويد عن علي مرفوعا  
سكت عليه الحاكم وتعقبه الذهبي بقوله: قلت: حصين واه، ويحيى الحماني ليس  
بعمدة

وأقول: حصين كذاب كما قال ابن خراش وغيره. وقال الحاكم: (1 / 268)  
" يروي الموضوعات عن الأثبات " وقد تفرد بهذا الحديث كما قال أبو نعيم  
وأما الحماني، فقد تابعه جبارة عند ابن عدي (2 / 102) في ترجمة حصين هذا وقال:  
" عامة أحاديثه معاضيل "

বাংলা

৫৪৪। তোমাদেরকে হজ্জ করার সুযোগ না দেয়ার পূর্বেই নিজেরা হজ্জ কর। আমি যেন ক্ষুদ্র কান এবং হাতের ও  
পায়ের জোড়া বাকা বিশিষ্ট এক হাবশীকে দেখছি যার হাতে একটি হাতুড়ি রয়েছে সে (কাবা গৃহের)  
পাথরগুলোকে একটি একটি করে ভেঙ্গে ফেলছে।

হাদীছটি জাল।

এটি হাকিম (১/১৪৮), আবু নোয়াইম (৪/১৩১) এবং বাইহাকী (৪/৩৪০) ইয়াহইয়া ইবনু আব্দিল হামীদ আল-হিম্মানী হতে তিনি হুসাইন ইবনু উমার আল-আহমাসী হতে তিনি আমাশ হতে ... বর্ণনা করেছেন।

হাকিম কোন হুকুম সিদ্ধান্ত প্রদান হতে চুপ থেকেছেন। এ কারণে হাফিয় যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ হুসাইন দুর্বল আর ইয়াহইয়া আল-হিম্মানী ভাল নয়।

আমি (আলবানী) বলছিঃ হুসাইন মিথ্যুক যেরূপ ইবনু খাররাশ ও অন্য বিদ্বানগণ বলেছেন। আর ইবনু হিব্বান (১/২৬৮) বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীছ বর্ণনাকারী। তিনি এককভাবে এ হাদীছটি বর্ণনা করেছেন যেমনটি আবু নোয়াইম বলেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71423>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন